# বাজার মূল্য পর্যবেক্ষণ মনিটরিং ও নিয়ন্ত্রণ উপজেলা কমিটির মার্চ ২০২৫ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ কামরুজ্জামান সরকার
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, খানসামা, দিনাজপুর।
তারিখ : ১২/০৩/২০২৫ খ্রি.
সময় : সকাল ১২.৩০ ঘটিকা
সভায় উপস্থিতি : পরিশিষ্ট-'ক'

আলোচ্য বিষয়:
১। অত্যাবশ্যকীয় নিত্যপণ্যের বাজারমূল্য পর্যবেক্ষণ মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ে আলোচনা।
২। বিবিধ।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী মতামত/বক্তব্য প্রদানের জন্য তিনি এ সভার সদস্য সচিবকে অনুরোধ জানান।

সদস্য সচিব ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, খানসামা বাজার, পাকেরহাট বাজারসহ উপজেলা বিভিন্ন হাট-বাজার পরিদর্শন করে দেখা গেছে যে, মোটা চাল, মাঝারি চাল, সরু চাল, আটা, ময়দা, চিনি, লবণ, সয়াবিন তেল, সরিষার তেল, মশুরের ডাল, পেয়াজ, শুকনা মরিচসহ প্রভৃতি নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের দাম আগের চেয়ে বৃদ্ধি পেয়েছে। ইউনিয়ন পর্যায় হতে দরিদ্র মানুষের মাঝে ১৫/- টাকা কেজি দরে জন প্রতি মাসে ৩০ কেজি করে চাল বিক্রি কার্যক্রম অব্যাহত রয়েছে। এ বিতরণ কার্যক্রমে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সদস্য ও অন্যান্যদের-কে সম্পৃক্ত করা হয়েছে।

সভায় উপস্থিত ইউপি চেয়ারম্যানগন জানান যে, তাদের নিজ নিজ ইউনিয়নের বাজারসমূহে নিত্য প্রয়োজনীয় খাদ্য দ্রব্যের মূল্য বৃদ্ধি পেয়েছে। তারা বলেন গত কয়েক বছর যাবৎ ধান চাষ করে কৃষকগণ লোকসানে পড়ায় এই বছর পরিমানে কম ধান চাষ করেছেন। তারা আরো বলেন যদি কৃত্রিম সংকট তৈরি করে কেউ খাদ্য দ্রব্যের দাম বাড়ানোর চোষ্টা করে থাকেন তবে নিশ্চই তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে। এ বিষয়ে কঠোর মনিটরিং করা হচ্ছে।

সদস্য সচিব ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় আরও জানান যে, কিছুদিন পর গুদাম থেকে টিআর, কাবিখার চাল বের হলে চালের বাজারে প্রভাব পরবে এবং সরকার ওএমএস এর মাধ্যমে ৩০/- টাকা কেজি দরে চাল ও ২৪/- টাকা কেজি দরে আটা বিক্রি কার্যক্রম শুরু করবে। এতে করে চালের বাজার স্থীতিশীল রাখা সহজ হবে। খাদ্য বিভাগ এ সকল কর্মসূচি বাস্তবায়ন করছেন মর্মে সভাকে অবহিত করেন।

বিবিধ আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ কামরুজ্জামান সরকার)
সভাপতি
বাজারমূল্য পর্যবেক্ষণ মনিটরিং ও নিয়ন্ত্রণ উপজেলা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
খানসামা, দিনাজপুর।

স্মারক নং : ১৪০ তারিখ : ১২/০৩/২০২৫ খ্রি.

০১। উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর।
০২। চেয়ারম্যান,...........নং....................................ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর।
০৩। জনাব/বেগম..........................................................সম্মানিত সদস্য, খানসামা, দিনাজপুর।
০৪। সংশ্লিষ্ট নথি।

(মোঃ মাসুদ রানা)
সদস্য সচিব
বাজারমূল্য পর্যবেক্ষণ মনিটরিং ও নিয়ন্ত্রণ উপজেলা কমিটি
ও
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব)
খানসামা, দিনাজপুর।

## পরিশিষ্ট "ক"

তারিখ-১২/০৩/২০২৫ খ্রি.

| ক্রমিক নং | কর্মকর্তা/সদস্যগনের নাম ও পদবী | সভায় পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোঃ কামরুজ্জামান সরকার, উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর। | সভাপতি | |
| ০২ | মোঃ রিয়াজুল ইসলাম, চেয়ারম্যান, ২নং ভেড়ভেড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর। | সদস্য | |
| ০৩ | মোঃ আবুবকর সিদ্দিক চৌধুরী, চেয়ারম্যান, ৪নং খামারপাড়া ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | সদস্য | |
| ০৪ | মোঃ রবিউল আলম তুহিন, চেয়ারম্যান, ৫নং ভাবকী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর। | সদস্য | |
| ০৫ | জনাব মোঃ সাফিয়ার রহমান, মুদি ব্যবসায়ী, খানসামা বাজার, খানসামা, দিনাজপুর- | সদস্য (কো-অপ্ট) | |
| ০৬ | জনাব মোঃ শরিফুল আলম প্রধান, বিশিষ্ট ব্যক্তি, গোবিন্দপুর, খানসামা, দিনাজপুর | সদস্য (কো-অপ্ট) | |
| ০৭ | মোঃ মাসুদ রানা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, খানসামা, দিনাজপুর। | সদস্য-সচিব | |